দৈনিক
ইত্তেফাক

তারিখ 12 MAR 2015
পৃষ্ঠা ২ কলাম ৫

# মান্না ঢাকা মেডিক্যালের সিসিইউতে, নির্যাতন হয়নি দাবি ডিবির

■ বিশেষ প্রতিনিধি

নাগরিক ঐক্যের আহবায়ক মাহমুদুর রহমান মান্নাকে কোন রকম নির্যাতন করা হয়নি জানিয়ে ঢাকা মহানগর গোয়েন্দা (ডিবি) পুলিশের যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম বলেছেন, তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের করোনারি কেয়ার ইউনিটে (সিসিইউ) রাখা হয়েছে।

এদিকে মান্নার চিকিৎসায় গতকাল বুধবার সকালে কার্ডিওলজি বিভাগের অধ্যাপক ডা. ওয়াদুদ চৌধুরীকে প্রধান করে ৩ সদস্যের একটি মেডিক্যাল বোর্ড গঠন করা হয়েছে। চিকিৎসকরা জানিয়েছেন, মান্না আগে থেকেই উচ্চ রক্তচাপে ভুগছিলেন। তিনি নিয়মিত হৃদরোগের ওষুধ সেবন করেন। ২০১৩ সালে তাঁর এনজিওগ্রাম পরীক্ষা করা হয়েছিল। মঙ্গলবার রাতে তিনি বুকে ব্যথা অনুভব করলে গোয়েন্দা পুলিশ তাকে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের সিসিইউতে ভর্তি করে। চিকিৎসকরা আরো জানান, মান্নাকে চার থেকে পাঁচ দিনের মতো হাসপাতালে রেখে পরীক্ষা করা হবে। মঙ্গলবার রাতে হাসপাতালে ভর্তির পর মান্নার স্ত্রী মেহের নেগার সাংবাদিকদের কাছে মান্নাকে শারীরিক ও মানসিকভাবে নির্যাতন করা হয়েছে বলে অভিযোগ করেন।

## ডিসিসি নির্বাচনে মান্নার পক্ষে প্রচারণা চালানোর আহবান

নাগরিক ঐক্যের আহ্বায়ক মাহমুদুর রহমান মান্নার প্রার্থিতার পক্ষে আসন্ন ঢাকা সিটি করপোরেশনের (ডিসিসি) নির্বাচনে প্রচারণা চালাতে হবে। গতকাল বুধবার বিকালে জাতীয় প্রেসক্লাবে মাহমুদুর রহমান মান্নার মুক্তির দাবিতে অনুষ্ঠিত নাগরিক সমাবেশে বক্তারা এই আহ্বান জানান। নাগরিক ঐক্য এ সমাবেশের আয়োজন করে।

সমাবেশে সভাপতিত্ব করেন ফজলুল হক সরকার। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন সাবেক সংসদ সদস্য এসএম আকরাম, ডা. জাফরুল্লাহ চৌধুরী, ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের অধ্যাপক ড. আসিফ নজরুল প্রমুখ।